

## চতুর্দশ অধ্যায়: জনসংখ্যা ও প্রাকৃতিক পরিবেশ

প্রশ্ন-১. আত্মকর্মসংস্থান বলতে কী বুঝায়?

[প্রা. শি. স. প. ২০১৫/]

উত্তর: আত্মকর্মসংস্থান বলতে নিজের উদ্যোগে অর্থ উপার্জন করাকে বোঝায়।

প্রশ্ন-২. হাইব্রিড গাড়ির একটি বৈশিষ্ট্য লেখ।

[প্রা. শি. স. প. ২০১৬/]

উত্তর: হাইব্রিড গাড়ি বিদ্যুৎ ও তেল উভয় জ্বালানি ব্যবহার করে চলতে পারে।

প্রশ্ন-৩. মানুষের তিনটি মৌলিক চাহিদার নাম লেখ।

[প্রা. শি. স. প. ২০১৫/]

উত্তর: মানুষের তিনটি মৌলিক চাহিদার নাম হলো—

i. খাদ্য, ii. বস্ত্র, iii. বাসস্থান।

প্রশ্ন-৪. কলকারখানা ও যানবাহন থেকে নির্গত গ্যাস কী সমস্যার সৃষ্টি করছে?

উত্তর: কলকারখানা ও যানবাহন থেকে নির্গত গ্যাস বায়ু দূষিত করছে। যার ফলে পৃথিবীর উষ্ণতা বৃদ্ধি পাচ্ছে ও এসিড বৃষ্টি হচ্ছে।

প্রশ্ন-৫. জনসংখ্যার ঘনত্ব কীভাবে নির্ণয় করা যায়?

উত্তর: কোনো স্থানের মোট জনসংখ্যাকে ঐ স্থানের ক্ষেত্রফল দ্বারা ভাগ করে খুব সহজেই জনসংখ্যার ঘনত্ব নির্ণয় করা যায়।

প্রশ্ন-৬. মানুষের দুইটি মৌলিক চাহিদার নাম লেখ।

[প্রা. শি. স. প. ২০১৬/]

উত্তর: মানুষের মৌলিক চাহিদাগুলো হলো- খাদ্য ও বাসস্থান।

প্রশ্ন-৭. আদমশুমারি কী?

[প্রা. শি. স. প. ২০১৫/]

উত্তর: জনসংখ্যার হিসাব জানার জন্য নির্দিষ্ট দিনে ঘরে ঘরে গিয়ে লোক গণনার যে ব্যবস্থা তাই আদমশুমারি।